

ফাতওয়া নাম্বার: ২০৫

প্রকাশকাল: ২৬-১০-২০২১ ইং

নির্ধারিত ডিউটিতে অবহেলা করলে বেতন কি হালাল হবে?

প্রশ্নঃ

কোম্পানির চাকরিতে ফাঁকি দিলে কিংবা নির্ধারিত ডিউটিতে অবহেলা করলে বেতন কি হালাল হবে?

প্রশ্নকারী- মুহাঃ হারুন অর রশিদ

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

চাকরিজীবির জন্য যথাযথভাবে দায়িত্ব পালন করা আবশ্যিক। তা না করে ইচ্ছাকৃত দায়িত্বে ফাঁকি দেয়া বা অবহেলা করা গাদ্দারি ও ধোঁকার শামিল। এতে মালিক পক্ষের হক নষ্ট করার গুনাহ হবে এবং এজন্য কিয়ামতের দিন সকলের সামনে লজ্জিত হতে হবে। হাদিসে এসেছে,

عن ابن عمر، قال: قال رسول الله صلى الله عليه وسلم: إذا جمع الله الأولين والآخرين يوم القيامة، يرفع لكل غادر لواء، فقليل: هذه غدره فلان بن فلان.

—صحيح البخاري (6177) صحيح مسلم (1735)

“আব্দুল্লাহ ইবনে ওমর রা. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, কিয়ামতের দিন আল্লাহ তায়া’ লা যখন পূর্ববর্তী ও পরবর্তী সকল মানুষকে একত্রিত করবেন, তখন প্রত্যেক গাদ্দারের জন্য একটি করে বাণ্ডা উত্তোলন করা হবে। অতঃপর বলা হবে, এটি অমুকের ছেলে অমুকের গাদ্দারির নিদর্শন!” -সহীহ বুখারী, হাদীস নং ৬১৭৭; সহীহ মুসলিম, হাদীস নং ১৭৩৫

অন্য এক হাদীসে এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
ইরশাদ করেন,

من كانت له مظلمة لأخيه من عرضه أو شيء، فليتحلله منه اليوم، قبل أن لا
يكون دينار ولا درهم، إن كان له عمل صالح أخذ منه بقدر مظلمته، وإن لم
تكن له حسنات أخذ من سيئات صاحبه فحمل عليه. (صحيح البخاري:

(2449

“যে ব্যক্তি তার ভাইয়ের সম্ভ্রমহানি বা অন্য কোন বিষয়ে জুলুমের
জন্য দায়ী থাকে, সে যেন আজই তার কাছ থেকে দায়মুক্ত হয়ে নেয়,
সেদিন আসার পূর্বে, যেদিন তার কোন দিনার বা দিরহাম থাকবে না।
তার কোন সৎকর্ম থাকলে জুলুমের সমপরিমাণ সেখান থেকে নিয়ে নেয়া
হবে। কোন সৎকর্ম না থাকলে প্রতিপক্ষের সমপরিমাণ পাপ তার ওপর
চাপিয়ে দেয়া হবে।” —সহীহ বুখারী: ২৪৪৯

এমনকি ফুকাহায়ে কেরাম বলেছেন, কারো সঙ্গে নির্ধারিত সময় দেয়ার
চুক্তি থাকলে, অনুমতি ব্যতীত উক্ত সময়ে নফল সালাত আদায় করাও
জায়েয নেই। সুতরাং কেউ যদি ফাঁকি দিয়ে বা অবহেলা করে যথাযথ
দায়িত্ব আদায় না করে, তাহলে যে পরিমাণ কাজ কম করবে, সে
পরিমাণ বেতন তার জন্য হালাল হবে না।

-ফাতাওয়া হিন্দিয়া: ৪/১৬৪; রাদ্দুল মুহতার: ৬/৭০; হেদায়া:
৩/২৪৩

فقط والله تعالي أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৮-০৩-১৪৪৩ হি.

১৬-১০-২০২১ ঈ.

